

Pub/Op

দৈনিক ইনকিলাব



তারিখ 21 NOV 1986  
পৃষ্ঠা... ৫... ৩...

197

144

## শিক্ষা

### শিক্ষা প্রসারে আন্দোলন চাই

যে কোন জাতির জন্য শিক্ষার প্রয়োজনীয়তা এবং আর্থ-সামাজিক উন্নয়নে শিক্ষার গুরুত্ব বিবেচনা করেই বলা হয়েছে "শিক্ষা জাতির মেরুদণ্ড।"

শিক্ষা যে কোন দেশ বা জাতির জন্য একটি অপরিহার্য পূর্বশর্ত। শিক্ষা জাতির উন্নয়নে পথ নির্দেশ করে।

পাশ্চাত্যের উন্নত দেশগুলোর

উন্নয়নের পেছনে রয়েছে শিক্ষা। শিক্ষা ব্যতীত কোন কালেই কখনোই কোন জাতি উন্নত হতে পারে না। অথচ, আমাদের দেশের শিক্ষা ব্যস্থা দুঃখজনকভাবে পিছিয়ে রয়েছে। নিরক্ষরতা আমাদের একটি সামাজিক ব্যাধি। সর্বশেষ হিসেব অনুযায়ী আমাদের দেশে উনাশিভাগ লোকই নিরক্ষর। দেশকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করা বর্তমান সরকারের উন্নয়ন কর্মসূচীর অন্যতম লক্ষ্য।

আমাদের দেশে শতকরা ৮০ ভাগ লোক দরিদ্র। শিক্ষার বিস্তার তাই প্রথমার্ধে ব্যাপক হবে না। এ ব্যাপারে ধৈর্য ও নিষ্ঠার সাথে এগিয়ে যেতে হবে। অশিক্ষিত থেকে চিরকাল অপরের দয়া ও করুণার উপর নির্ভর করলে চলবে না। যে জাতি যত শিক্ষিত, সে জাতি তত বেশী উন্নত। তাই দরিদ্র দেশ হিসেবে প্রাথমিকভাবে আমাদের সাক্ষরতা অভিযানকে আন্দোলনে রূপান্তর করতে হবে। সর্বস্তরের

মানুষকে এ ব্যাপারে সচেতন করে তুলতে হবে। আমাদের চারপাশের অগনিত মানুষ যেদিন শিক্ষার পূর্ণ সুযোগ পাবে সে দিনই স্বাধীনতার সত্যিকার অর্থ ও তাৎপর্য আসবে। লাখ মানুষের প্রাণের বিনিময়ে যে স্বাধীনতা অর্জিত হয়েছে, তাকে অর্থবহ করে তুলতে হলে এদেশের সাধারণ মানুষের কাছে শিক্ষার আলো অবশ্যই পৌঁছে দিতে হবে।

—ফারহানা ইসলাম (জয়া),  
খুলনা।